

## ঢাকার পোস্তগোলা শ্যামপুর থেকে ১টি কাভার্ড ভ্যান ও ২০০০ বোতল ফেন্সিডিলসহ আটক ০১



গত ০৫.০৫.২০১৫ ইং তারিখ সময় রাত ০৯.৩০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চলের সুত্রাপুর সার্কেল পরিদর্শক জনাব মোহাম্মদ ওবায়দুল কবির'র নেতৃত্বে শ্যামপুর থানাধীন পোস্তগোলা চৌরাজায় বিনাইদহ থেকে মাওয়া হয়ে ঢাকাগামী একটি কাভার্ড ভানে (নং-ঢাকা মেট্রোঃ ম-১১-১০১১) তল্লাশী চালিয়ে ভ্যানের ভিতরে কেবিনের পিছনে বিশেষভাবে নির্মিত স্টিলের একটি চেম্বারে লুকানো অবস্থায় ২০০০(দুই হাজার)

বোতল ভারতীয় ফেন্সিডিলসহ আসামী মোঃ আসাদুজ্জামান আসাদ প্রঃ কালু(৪৩), পিতা- কদর আলী, সাং- শ্যামনগর, থানা-মহেশপুর, জেলা-বিনাইদহকে ঘটনাস্থল হতে হাতেনাতে গ্রেফতার করেন। এ ব্যাপারে শ্যামপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।